

বিজিএ/কাস/২০২৪/১১৮

১২ জুন, ২০২৪


সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: ঈদ-উল-আযহা পূর্ববর্তী সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ১৪, ১৫ ও ১৬ জুন ২০২৪ তারিখে বাংলাদেশ ব্যাংকের BACH ও RTGS এর কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

সম্মানিত সকল সদস্যগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষে বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট ১৪, ১৫ ও ১৬ জুন ২০২৪ তারিখ সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনগুলোতে বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস (BACH) এবং রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট (RTGS) কার্যক্রমের পরিবর্তিত নতুন সময়সূচি অনুযায়ী ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে মর্মে সার্কুলার জারী করেছে। উপর্যুক্ত দিনগুলিতে BEFTN এর তিনটি সেশন বাংলাদেশ ব্যাংকের সংযুক্ত সার্কুলার অনুযায়ী চালু থাকবে।

এ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের সার্কুলার লেটার নং-০৫ তারিখঃ ১২/০৬/২০২৪ আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট (ডিভিশন-০২)

পিএসডি সার্কুলার লেটার নং- ০৫

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১
১২ জুন ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড

প্রিয় মহোদয়,

ঈদ-উল-আযহা পূর্ববর্তী সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ১৪, ১৫ ও ১৬ জুন ২০২৪ তারিখে

BACH ও RTGS এর কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন এর ৯ জুন ২০২৪ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৬ এর অনুবর্তনে ১৪, ১৫ ও ১৬ জুন ২০২৪ তারিখ সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনগুলোতে বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস (BACH) এবং রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট (RTGS) এর কার্যক্রম নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী পরিচালিত হবেঃ

১) বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস (BACH) এর লেনদেন:

ক) BACPS এর High Value Clearing	- Presentment Cut off Time - 12:00 PM,
	- Return Cut off Time - 2:30 PM
Regular Value Clearing	- Presentment Cut off Time - 12:30 PM,
	- Return Cut off Time - 4:00 PM

খ) উপর্যুক্ত দিনগুলিতে BEFTN এর তিনটি সেশন পূর্বের সময়সূচী অনুযায়ী চালু থাকবে।

২) রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট (RTGS) এর লেনদেন:

ক) গ্রাহক লেনদেন (Pacs.008)	- 10:00 AM হতে 3:30 PM
খ) কাস্টমস ডিউটি ই-পেমেন্ট (Pacs.008 with TTC 41)	- 10:00 AM হতে 4:30 PM
গ) আন্তঃব্যাংক ফান্ড ট্রান্সফার (Pacs.009) ও রিটার্ন (Pacs.004)	- 10:00 AM হতে 4:45 PM

ক্লিয়ারিং ব্যবস্থা সুষ্ঠুরূপে পরিচালনার স্বার্থে ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন (ডিওএস) এর ০৯ জুন ২০২৪ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৬ এ উল্লিখিত এলাকার বাইরে অবস্থিত কোনো ব্যাংক শাখার উপর চেক উপস্থাপন করা যাবে না।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শরাফত উল্লাহ খান)

পরিচালক(পিএসডি)

ফোন: ৯৫৩০৬১১